



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০৬/১২/২০২১খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক পরিচালিত মাদক বিরোধী অভিযানে  
২ কেজি ৫০০ গ্রাম শুকনো গাঁজা উদ্ধারসহ ০৩ জন আসামী গ্রেফতার



ঘটনা-১



ঘটনা-২



ঘটনা-৩

গত ০৫/১২/২০২১ খ্রি. রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি)র উপ-পুলিশ কমিশনার জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায় ও সার্বিক তত্ত্বাবধানে অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিকল্পনায় রংপুর মহানগরীর কোতয়ালী থানা এলাকায় ৩ টি পৃথক অভিযান পরিচালনা করে মোট ০২ কেজি ৫০০ গ্রাম শুকনো গাঁজা উদ্ধারসহ ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়।

- ১ম অভিযানে রাত্রে ১৮.২৫ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ মোতলেব হোসেন এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ গোলাম মোর্শেদ, এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর কোতয়ালী থানাধীন ২৫নং ওয়ার্ডস্থ ইন্দিরা মোড় সান্ধী মোঃ নূর ইসলাম এর খাবার হোটেলের সামনে চলাচলের পাকা রাস্তার উপর থেকে নেশা জাতীয় মাদকদ্রব্য ০২ (দুই) কেজি শুকনো গাঁজা উদ্ধারসহ আসামী শ্রী মানিক সরকার (৩০), পিতা- শ্রী নিতাই সরকার, মাতা- শ্রীমতি পবিত্র রানী, সাং- নাজিরপুর হালদার পাড়া, ইউপি- হেমায়েতপুর, ওয়ার্ড নং- ০২, থানা- পাবনা সদর, জেলা- পাবনা-কে গ্রেফতার করা হয়।
- ২য় অভিযানে রাত্রে ২৩.০৫ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে এসআই(নিঃ) স্বপন কুমার রায় এর নেতৃত্বে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর কোতয়ালী থানাধীন ২০ নং ওয়ার্ডস্থ মুলাটোল বালিকা উচ্চ বিদ্যালয়ের সামনে চলাচলের পাকা রাস্তার উপর থেকে নেশা জাতীয় মাদকদ্রব্য ৩০০ (তিনশত) গ্রাম শুকনো গাঁজা উদ্ধারসহ আসামী মোঃ সজীব মিয়া (২৬), পিতা- বেলাল হোসেন, সাং- পশ্চিম মুলাটোল (হাফিজিয়া মাদ্রাসা সংলগ্ন), ওয়ার্ড নং- ২০, থানা- কোতয়ালী, রংপুর মহানগর, রংপুর-কে গ্রেফতার করা হয়।
- ৩য় অভিযানে রাত্রে ১৫.২৫ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে এসআই (নিঃ) মোঃ আবু ছাইয়ুম তালুকদার এর নেতৃত্বে এসআই (নিঃ) তছলিম উদ্দিন আহমেদ এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর তাজহাট থানাধীন ২৮নং ওয়ার্ডস্থ লালবাগ কেডিসি রোডে আলহাজ্ব নুরানি ছাত্ত্রী নিবাসের সামনে থেকে নেশা জাতীয় মাদকদ্রব্য ২০০(দুইশত) গ্রাম শুকনো গাঁজা উদ্ধারসহ আসামী মোছাঃ সুমাইয়া আক্তার সুমি (২৮), স্বামী- মোঃ সোহেল রানা, পিতা- মোঃ সাইফুল ইসলাম, সাং-আলমনগর খামার মোড়, (মেয়রের বাড়ীর পিছনে), ওয়ার্ড নং-২৬, থানা-কোতয়ালী, রংপুর মহানগর, রংপুর-কে গ্রেফতার করা হয়।

উক্ত অভিযানগুলোতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন পৃথক ০৩টি মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরনের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ করুন-

অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

০৬.১২.২০২১

(মোঃ সাজ্জাদ হোসেন)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১